

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৩৫

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৪০. বাজারসমূহ এবং তাতে প্রবেশের নিয়ম।

بَابِ الْأَسْوَاقِ وَدُخُولِهَا

আরবী

حَدَّثَنَا بِشْرُ بْنُ مُعَاذِ الضَّرِيرُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، مَوْلَى آلِ الزُّبَيْرِ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " مَنْ قَالَ حِينَ يَدْخُلُ السُّوقَ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ يُحْيِي وَيُمِيتُ وَهُو حَىُّ لاَ يَمُوتُ بِيَدِهِ الْخَيْرُ كُلُّهُ وَهُو عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ل كَتَبَ اللَّهُ لَهُ أَلْفَ أَلْفَ الْفَ أَلْفَ سَيِّئَةٍ وَبَنَى لَهُ بَيْتًا فِي الْجَنَّةِ ".

বাংলা

৩/২২৩৫। উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাল্ছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি বাজারে প্রবেশকালে বলেঃ ''লা ইলাহা ইল্লাল্লাল্থ ওয়াহদাল্থ লা শারীকা লাল্থ মুলকু ওয়ালাল্থল হামদু ইউন্থী ওয়া ইউমীতু ওয়া হুয়া হায়ুদন লা ইয়ামূতু বিয়াদিহিল খাইর কুল্লুল্থ ওয়া হুয়া আলা কুল্লি শায়ইন কাদীর'' (আল্লাহ ছাড়া কোন ইলাহ নাই, তিনি এক, তাঁর কোন শরীক নাই, রাজত্ব তাঁরই এবং সমস্ত প্রশংসা তাঁরই। তিনি জীবন দান করেন এবং মৃত্যু দেন। তিনি চিরঞ্জীব, কখনো মরবেন না, তাঁর হাতেই সমস্ত কল্যাণ নিহিত এবং তিনি সব কিছুর উপর সর্বশক্তিমান), আল্লাহ তার আমলনামায় দশ লক্ষ পুণ্য লিপিবদ্ধ করেন, তাঁর দশ লক্ষ গুনাহ মাফ করেন এবং তার জন্য জান্নাতে একটি প্রাসাদ তৈরি করেন।

English

It was narrated from Salim bin 'Abdullah bin 'Umar, from his father, that his grandfather told that the Messenger of Allah (ﷺ) said:

"Whoever says, when he enters the marketplace: 'La ilaha illallah wahdahu la sharika lahu, lahul-mulk wa lahul-hamdu, yuhyi wa yumitu, wa Huwa hayyun la yamutu, bi yadihil-khairu kulluhu, wa Huwa ala kulli shay'in Qadir (None has the right to be worshiped but Allah alone, with no partner, to Him



belongs all sovereignty and to Him is the praise, He gives life and gives death, and He is Ever-Living and does not die; in His Hand is all goodness and He is Able to do all things),' Allah will record for him one million good deeds, and will erase from him one million bad deeds, and will build for him a house in Paradise. "

ফুটনোট

তিরমিয়ী ৩৪২৮, ৩৪২৯, আহমাদ ৩২৯, দারেমী ২৬৯২, তাখরীজুল মুখতার ১৭৬-১৭৮, আত-তালীকুর রাগীব ৩/৪, তাখরীজু কালিমুত তায়্যিব ২২৯।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী আমর বিন দিনার সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি দুর্বল। ইমাম তিরমিযি বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি দুর্বল ও মুনকার। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে, তার হাদিসের অনুসরণ করা যাবে না। মুহাম্মাদ বিন আম্মার বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৩৬১, ২২/১৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন